



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2023

গভর্নর ক্যাথি হোকল

100 এর বেশি সংগঠন নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্টকে সমর্থন জানিয়েছে, এটি নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করতে গভর্নর হোকলের পরিকল্পনা

পুরো স্টেটের 100 এর বেশি ব্যবসা ও অলাভজনক সংগঠনের নেতৃবৃন্দ নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্টকে (New York Housing Compact) সমর্থন জানিয়েছে, এটি নিউ ইয়র্কের আবাসন সঙ্কট মোকাবেলা করার জন্য এবং আগামী দশকে 800,000 নতুন বাসা তৈরির জন্য অর্থবছর 2024 নির্বাহী বাজেটে ঘোষিত গভর্নর হোকলের সার্বিক কৌশল। পরিকল্পনাটি নিউ ইয়র্ককে আরো বসবাসযোগ্য, অ্যাক্সেসিবল, এবং আরো সশ্রয়ী করার জন্য গভর্নরের ভিশনের অনুবর্তী।

ওপেন নিউ ইয়র্কের (Open New York) নির্বাহী পরিচালক অ্যানেম্যারি গ্রে বলেন, "নীতিমালার ব্যর্থতা আমাদেরকে আমাদের এই নজিরবিহীন আবাসন ক্রয়ক্ষমতা সঙ্কটে ঠেলে দিয়েছে, এবং সরকারের সকল পর্যায়ে সাহসী পদক্ষেপই আমাদের এখান থেকে বের করতে পারে। সঙ্কটটির গভীরে গিয়ে সমাধান করার জন্য এবং ভাড়াটিয়াদের জন্য সুযোগ বৃদ্ধি করার জন্য একটি আবশ্যিকতাবিভিক স্টেটব্যাপী ফ্রেমওয়ার্ক অত্যাবশ্যকীয় যা বর্জনীয় জোনিং অনুশীলনের ইতি টানবে, পরিবহন ভালো এমন এলাকায় ঘনবসতিকে উৎসাহিত করবে, এবং আবাসন সুযোগ বৃদ্ধিতে সকল এলাকা যাতে নিজ দায়িত্ব পালন করে তা নিশ্চিত করবে। নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্টের মতো একটি ফ্রেমওয়ার্ক প্রণয়ন করা আমাদের স্টেটের জন্য অনেক আগেই প্রয়োজন ছিলো।"

নিসকানেন সেন্টারের (Niskanen Center) সামাজিক নীতিমালার সিনিয়র আবাসন নীতিমালা বিশ্লেষক অ্যালেক্স আর্মলোভিচ বলেন, "আধুনিক ইতিহাসে গভর্নর হোকলই প্রথম উপলব্ধি করেছেন যে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর শহরে নতুন আবাসন তৈরিতে বৃদ্ধি নিয়ন্ত্রণ সীমা আপস্টেটে বিস্তার এবং ডাউনস্টেটে একটি আবাসন ঘাটতি তৈরি করেছে। ট্রানজিট ডাউনস্টেটের কাছে অ্যাপার্টমেন্টের যুদ্ধপরবর্তী নিষেধাজ্ঞা শেষ করা হলো আবাসন ঘাটতি থেকে বের হয়ে আসা, মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) যাত্রী পুনঃস্থাপন করা, পরিবহন নিঃসরণ থেকে পরিবেশ রক্ষা করা, এবং টেক্সাস, অ্যারিজোনা এবং ফ্লোরিডার মতো সহজে নির্মাণ করা যায় এমন স্টেটে নিউ ইয়র্কবাসীর বহিঃপ্রবাহ একযোগে বন্ধ করার একমাত্র উপায়। আমরা যদি নির্মাণকে পুনরায় বৈধ না করি, তাহলে আমরা কোভিড থেকে আরো ভালো পুনর্গঠন করতে পারবো না, এবং আবাসন কম্প্যাক্টটি ঠিক তাই করবে।"

সিটিজেনস হাউজিং এবং প্ল্যানিং কাউন্সিলের (Citizens Housing and Planning Council) নির্বাহী পরিচালক হাওয়ার্ড স্ল্যাটকিন বলেন, "যখন প্রয়োজনমতো পর্যাপ্ত আবাসন থাকে না, তখন সকল নিউ ইয়র্কবাসী এর জন্য বেশি মূল্য প্রদান করে, যাদের ক্রয়ক্ষমতা সর্বনিম্ন এটি তাদেরকে বেশি ক্ষতিগ্রস্ত করে। দীর্ঘদিন ধরে, ধীরে ধীরে আমাদের আবাসনের যে স্বাস্থ্যরোধ হচ্ছে তা বদলে দিতে গভর্নরের আবাসন কম্প্যাঙ্কটি আধুনিক সময়ে এই আকারের প্রথম প্রয়াস। এইসব সমস্যাকে অসাধ্য বা অনিবার্য বলে মেনে নেওয়া হলো কল্পনা ও সাহসের অভাবকে স্বীকার করে নেওয়া। আমাদের মধ্যে যারা ভালো বাসায় আছে, তাদেরও আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের প্রতি দায়িত্ব রয়েছে যে একটি কার্যকর ব্যবস্থা রেখে যাওয়ার যা তাদের জীবিকা টিকিয়ে রাখতে প্রয়োজনীয় আবাসন প্রদান করতে পারবে। এখন ব্যবস্থা গ্রহণের সময়।"

আপ ফর গ্রোথের (Up for Growth) প্রধান নির্বাহী কর্মকর্তা মাইক কিংসেলা বলেন, "আমরা নিউ ইয়র্কের আবাসন শূন্যস্থান, যা আমরা দেখেছি 2012 সালের 162,000 থেকে বৃদ্ধি পেয়ে 2019 সালে 233,000 হয়েছে, তা পূরণ করার জন্য গভর্নর হোকলের ব্যাপক বিস্তৃত পরিকল্পনার প্রশংসা করছি। গভর্নরের পরিকল্পনাটি অতিরিক্ত বাসা তৈরির জন্য উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য নির্ধারণ করে এবং একইসাথে স্থানীয় সম্প্রদায়সমূহকে সিদ্ধান্ত নিতে দেয় যে আবাসন উৎপাদন বৃদ্ধি করতে তাদের জন্য সেরা উপায় কোনটি। অতি গুরুত্বপূর্ণ তহবিলের প্রতিশ্রুতি দ্বারা সমর্থিত এবং পরিবহনমুখী বিকাশের উদ্দেশ্য নিয়ে, এটি এছাড়াও বিদ্যমান আবাসন সরবরাহকে সর্বোচ্চ করবে, অসংখ্য নিয়ন্ত্রক প্রতিবন্ধকতা অপসারণ করবে, এবং অর্থনীতি ও জলবায়ুর জন্য ভালো এমন ধরনের আবাসন তৈরিতে উৎসাহিত করার জন্য প্রণোদনা প্রদান করবে এবং স্টেটব্যাপী আবাসন সমতা বৃদ্ধি করবে।"

নিউ ইয়র্ক স্টেট চার্চ কাউন্সিলের (New York State Council of Churches) নির্বাহী পরিচালক রেভারেন্ড পিটার কুক বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে, নিউ ইয়র্কে আমাদের সম্প্রদায়সমূহ অন্যান্য ও বৈষম্যমূলক জোনিং আইন নির্মাণ করেছে যা সাশ্রয়ী ভাড়ার এবং মালিকের থাকার মতো আবাসনের নির্মাণে বাধার সৃষ্টি করেছে। বহু বছরের কাঠামোগত বর্ণবাদী ও শ্রেণীবাদী নীতিমালা, যা আমাদের অর্থনীতির ব্যাপক ক্ষতি করেসহ এবং আরো সাশ্রয়ী আবাসনের সুযোগের সন্ধান হাজার হাজার মানুষকে স্টেট ত্যাগ করতে বাধ্য করেছে, তা বদলে ফেলার জন্য কম্প্যাঙ্কটি অত্যাবশ্যকীয় ধাপ। আমরা এমন একটি স্টেট আবাসন নীতিমালা চাই যা সকলকে স্বাগত জানাবে এমন সম্প্রদায় গঠন করে।"

নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেসের (New York Building Congress) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্লো এ. সিসুরা বলেন, "গভর্নর হোকলের আবাসন কম্প্যাঙ্কটি সাহসী, উদ্ভাবনী, এবং এটি বিকাশ ও টেকসই হওয়াকে উৎসাহিত করে। এই উচ্চাকাঙ্ক্ষী ও অর্জনযোগ্য এজেন্ডাকে, এবং আবাসন ও কর্মীবাহিনীর বিকাশ শুরু করার জন্য নকশাকৃত এর নীতিমালাকে আমাদের শিল্পখাতটি সম্পূর্ণভাবে সমর্থন করেছে। বেশি চাকরির সুযোগসহ আরো ঘনবসতিপূর্ণ, হাঁটার উপযুক্ত এলাকার উদ্দেশ্য পরিবহনকে কেন্দ্র করে বিকাশের উপর বিল্ডিং কংগ্রেসের বিস্তারিত প্রতিবেদনটিতে এই সপ্তাহেই আমরা এই প্রস্তাবনাসমূহের একটির গভীরে গিয়ে খতিয়ে দেখেছে। আরো ভালো, বলীয়ান নিউ ইয়র্কের জন্য আবাসন কম্প্যাঙ্ককে কার্যকর করার জন্য আমরা গভর্নরের সাথে কাজ করতে উন্মুখ।"

ERASE রেসিজমের (ERASE Racism) প্রেসিডেন্ট লরা হার্ডিং বলেন, "ERASE রেসিজম সম্পূর্ণভাবে গভর্নর ক্যাথি হোকলের প্রস্তাবিত নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্টকে সমর্থন করছে, এটি স্টেটের মারাত্মক আবাসন সঙ্কট সমাধান করার জন্য অত্যাবশ্যকীয়। গভর্নরের পরিকল্পনাটি ব্যাপক ব্যাপ্তির নিউ ইয়র্কবাসীদের চাহিদা সমাধান করবে, যার মধ্যে রয়েছে নিজেদের সম্প্রদায়ে আরো ছোট কোনও স্থানে থাকতে চাওয়া বয়স্ক মানুষ, অত্যাবশ্যকীয় কর্মী যারা কাজের স্থানের এলাকায় থাকতে পারছে না, তরুণ পেশাদার যারা একা থাকতে চায় এবং স্টেটে জীবনযাপন করতে চায়, নিম্ন আয়ের বেতনভোগী যারা প্রাণবন্ত ভবিষ্যৎ গঠনে কাজ করছে এবং আরো অন্য অনেকে। নিউ ইয়র্ক স্টেটের জন্য নিউ ইয়র্ক আবাসন কম্প্যাক্ট প্রয়োজন। সময় হয়েছে ব্যবস্থা গ্রহণ করার।"

সিটিজেন্স বাজেট কমিশনের (Citizens Budget Commission) প্রেসিডেন্ট অ্যান্ড্রু রেইন বলেন, "গভর্নর হোকলের বহুমুখী কৌশল সঠিকভাবেই নিউ ইয়র্কজুড়ে আবাসন তৈরিকে বলীয়ান করার উদ্দেশ্যে কাজ করবে, যেখানে পর্যাপ্ত নতুন আবাসন তৈরির ব্যর্থতা সরবরাহ কমিয়ে দিয়েছে এবং ক্রয়ক্ষমতার সঙ্কট সৃষ্টি করেছে। আবাসন সঙ্কট সমাধান করতে আমরা একত্রে কাজ করলেই নিউ ইয়র্কের ভবিষ্যৎ উজ্জ্বলতর হবে। উল্লেখযোগ্য সরকারি বিনিয়োগ আবশ্যিক না করে, পরিকল্পনাটি বুদ্ধিমত্তার সাথে উৎপাদন প্রতিবন্ধকতা অপসারণ করে, স্থানীয় অবদানের অনুমতি দেয় এবং অভীষ্ট প্রণোদনা প্রদান করে। গভর্নরের পন্থা উল্লেখযোগ্যভাবে উৎপাদন বৃদ্ধি করবে এবং ক্রয়ক্ষমতা বৃদ্ধি করবে, গুরুত্বপূর্ণভাবে নিউ ইয়র্ককে বাসিন্দা ও ব্যবসাকে আকৃষ্ট ও ধরে রাখতে সাহায্য করবে, যাতে আমরা সবাই একত্রে সমৃদ্ধি করতে পারি।"

হাউজিং হেল্প ইনকর্পোরেটেডের (Housing Help Inc.) নির্বাহী পরিচালক পিলার ময়ামানসেরা বলেন, "যেহেতু আবাসন বেশির ভাগ ভোটদাতাদের জন্য শীর্ষ সমস্যা হিসেবে প্রকাশিত হয়েছে এবং স্থানীয় সরকারসমূহ সংশোধনের নেতৃত্ব দিতে অস্বীকৃতি জানাচ্ছে, তাই স্টেট ও স্থানীয় নীতি নির্ধারকেরা নিজেদের নাগরিক, যারা বাড়ির মালিকানা থেকে বঞ্চিত হচ্ছে এবং বর্ধিত ভাড়ার চাপে পিষ্ট হচ্ছে, তাদের থেকে চাপের সম্মুখীন হচ্ছে। 'স্থানীয় নিয়ন্ত্রণের' অলঙ্ঘনীয়তাকে গুরুত্বের সাথে গ্রহণ করা কঠিন যখন এটি গত 20 বছরের বেশি সময় ধরে হাজার হাজার লং আইল্যান্ডবাসীকে হতাশ করেছে। একটি স্টেট বাধ্যবাধকতা ছাড়া শুধু প্রণোদনা আমাদের মারাত্মক আবাসন সঙ্কটকে সমাধান করবে না, যা 2008 সালের LI কর্মীবাহিনীর আবাসন অ্যাক্টের (LI Workforce Housing Act) ব্যর্থতা দ্বারা প্রমাণিত হয়েছে। বর্জনীয় জোনিং সম্পূর্ণ এলাকাকে ক্ষতিগ্রস্ত করে। এটি কম সামর্থ্যের মানুষকে কম সুযোগের স্থানে এবং অস্বাস্থ্যকর, নিরাপত্তাহীন অবস্থায় বসবাস করতে বাধ্য করে। এটি একেবারেই অযৌক্তিক যে 2023 সালে এসেও কিছু বিধায়কের পরিবারবিরোধী, বাড়িবিরোধী বক্তব্য ইঙ্গিত করে যে ভাড়া বাসায় থাকা শিশুরা আমাদের টাউনের স্কুলগুলির জন্য বোঝা এবং সমান সুযোগ তাদের প্রাপ্য নয়। সাবার্ব শুধু সামর্থ্যসহ মানুষের জন্য নয়। এটি গরিব এবং কর্মজীবী শ্রেণীর জন্যও। আমাদের আরো আগেই আরো আবাসন তৈরি করা উচিত ছিলো!"

ল্যান্টার্ন অর্গানাইজেশনের (Lantern Organization) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যান কেন্ট বলেন, "গত তিন দশক ধরে সাশ্রয়ী ও স্থায়ী সমর্থক আবাসন গঠনে নিউ

ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় প্রয়াসে নিউ ইয়র্ক সিটির একটি স্থায়ী সমর্থক আবাসন অলাভজনক সংগঠন হিসেবে, ল্যান্টার্ন অর্গানাইজেশন একটি ভূমিকা পালন করেছে। এই সাফল্য স্বত্বেও, নিউ ইয়র্কের গৃহহীনতা ও আবাসন ক্রয়ক্ষমতা আরো খারাপ হয়েছে কিন্তু দেশের অন্য স্থানে উন্নত হয়েছে। এর কারণ স্পষ্ট: নিউ ইয়র্কের বর্জনীয় জোনিং নীতিমালা স্টেটব্যাপী বাড়ি বানানো সীমিত করে রেখেছে। আমাদের ক্রয়ক্ষমতা ও গৃহহীনতা সঙ্কট সমাধানের একমাত্র উপায় হলো আরো বাসা তৈরি করা। গভর্নর হোকলের আবাসন কম্প্যাক্ট স্টেটজুড়ে আরো নতুন বাসা তৈরিকে সম্ভব করবে।"

NYS ফেয়ার হাউজিং নেটওয়ার্কের (NYS Fair Housing Network) প্রেসিডেন্ট অ্যান ন্যাসিনোভিচ বলেন, "নিউ ইয়র্কবাসীর আবাসন সঙ্কট সমাধানে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হাউজিং নেটওয়ার্ক তার প্রশংসা করছে। 2023 স্টেট অফ দ্য স্টেটে প্রস্তাবিত নীতিমালাগুলি নিউ ইয়র্ককে আবাসন ঘাটতি পূরণের পথে স্থাপন করবে, এই ঘাটতিটি বর্তমানে স্টেটের ইতিবাচকভাবে ন্যায্য আবাসন অগ্রসর করার ক্ষমতাকে ব্যাহত করে। ছয়টি পূর্ণসেবার ন্যায্য আবাসন সংগঠন নিয়ে নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হাউজিং নেটওয়ার্ক গঠিত হয়েছে। সামগ্রিকভাবে, নেটওয়ার্কটি নিউ ইয়র্কের 94 শতাংশ জনসংখ্যাকে সেবাদান করে। সকলের জন্য ন্যায্য আবাসনের লক্ষ্যকে নীতিমালা কী উপায়ে ব্যাহত বা অগ্রসর করতে পারে সে সম্পর্কে আমাদের কাজ আমাদের সরাসরি অভিজ্ঞতা প্রদান করে। সকল সম্প্রদায়কে সকলের জন্য উন্মুক্ত ও অ্যাক্সেসিবল করা নিশ্চিত করতে প্রত্যেক স্থানীয় সরকারের সাথে কাজ করার জন্য গভর্নর যে পন্থা গ্রহণ করেছেন, আমরা তার সমর্থন করছি। দুর্ভাগ্যবশত, কিছু এলাকা প্রায় সকল নতুন আবাসনের নির্মাণ বন্ধ করতে বর্জনীয় ফলাফলের জন্য জোনিং, পরিকল্পনা এবং পরিবেশ সংক্রান্ত আইন ব্যবহার করেছে। নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহে, এর ফলে পৃথকীকরণ এবং আবাসন সুযোগের ঘাটতি দেখা দিয়েছে। নিউ ইয়র্কের আবাসন ঘাটতি দ্বারা সৃষ্ট চাপের অবসান করার জন্য প্রস্তাবিত দীর্ঘমেয়াদি সমাধানকে অবশ্যই তাৎক্ষণিক ব্যবস্থার সাথে সম্মিলিত করতে হবে। স্টেটব্যাপী পরিবারসমূহের বাড়তি নিরাপত্তা দরকার, যার মধ্যে রয়েছে বিস্তৃত ন্যায্য আবাসন সুরক্ষা, পরীক্ষা ও প্রয়োগ। আমরা গভর্নর হোকলের সাথে একমত যে 'আবাসন একটি মানবাধিকার!' তার প্রস্তাবনাটি আরো বেশি মানুষের জন্য সেই অধিকার নিশ্চিত করবে। আবাসন সুযোগ সম্প্রসারিত করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায্য আবাসন অগ্রসর করতে এই নীতিমালা অগ্রসর করার জন্য নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হাউজিং নেটওয়ার্ক গভর্নর, স্টেটের এজেন্সিসমূহ, এবং স্টেটের বিধায়কদের সাথে কাজ করতে উন্মুক্ত।"

সংগঠনের একটি পূর্ণ তালিকা নিয়ে দেওয়া হলো:

Adirondack Experience
Adirondack Health
Affordable Housing Partnership of the Capital Region
Albany Black Chamber of Commerce
Alliance for Manufacturing and Technology
Alternative Federal Credit Union
Amherst Chamber of Commerce
Arbor Development

Artport Kingston
Baldwin Richardson Foods
Bardavon Opera House
Bassett Healthcare
Belmont Housing Resources for WNY
Bronx Chamber of Commerce
Buffalo Urban League
Business Council of Westchester
BUSINESS FOR GOOD
Chez Lãa Reine Boutique
Citizens Housing and Planning Council
CJF Realty
Community Foundation of Oneida & Herkimer Counties
Community Loan Fund of the Capital Region, Inc.
Community Missions of Niagara Frontier, Inc
Construction Industry Council of New York Staate
CRFS, LLC
Designatronics
Destination Niagara
EAC Network
Edgemere Development Inc.
Ellicottville Brewing Company
ERASE Racism
Farmingdale State College
First Ward Action Council
Forme Medical Center
Fresh Catch
Gaetano Construction, a Division of A. Pike Company
Galesi Group
GAM I ENTERPRISES LLC
Genesis Group
GMDC
Golden Artists Colors
Greater Binghamton Realtors Association
Greater Rochester Chamber of Commerce
Greyston
Habitat for Humanity NYS
Habitat for Humanity, Capital District
Habitat NYC & Westchester
Hauppauge Industrial Association
Home HeadQuarters Inc.
Housing Help Inc.
Housing Opportunities Made Equal, Inc.
Hudson Valley Economic Development Corp
Ithaca Neighborhood Housing Services
JLD ADVISORY

JMC Marketing Communications & PR
Kearney Realty & Development
Konar Properties
Lahinch Group
Lantern Organization
LiveOn NY
LMN Printing
Long Island African American Chamber of Commerce
M-Ark Project
Minority Millennials, Inc.
Mohawk Valley Association of Realtors
Mohawk Valley EDGE
Mohawk Valley Health System
Neighbors Link
New York Building Congress
New York State Fair Housing Network
New York Neighbors
New York State Association of Affordable Housing
New York State Council of Churches
Newlab
Niskanen Center
North Atlantic Industries
Northern Lights
NY Hospitality Group
Open New York
P.A. Environmental Corporation
Pal-O-Mine
Parkview Development
Partnership for New York City
People Inc.
Plati Niagara
Rabideau Corp
Regional Plan Association
Rochester Downtown Development Corp
ROOST - The Regional Office of Sustainable Tourism
Rosenblum Development Corp
Rosendale Theatre Collective
RUPCO, Inc.
Satur Farms LLC
Schuyler County Partnership
SEEQC
SolEpoxy
Soter Technologies, Inc.
South Bronx Overall Economic Development Corp
Southwest Brooklyn Industrial Development Corporation
TAP, Inc.

The ARC Lexington
The Building & Realty Institute of Westchester
The Community Builders
The Council of Industry
The Livia Equipment and Rental Networx Center, LLC, DBA The Learn Center
Three Rivers Development
Troy Rehabilitation & Improvement Program
Up for Growth
Unbroken Promise Initiative
United Way of Greater Rochester & the Finger Lakes
Universal Hip Hop Museum
Urban Fork
Westchester County Association
Westhab, Inc
Wolfspeed

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)